

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ

স্মারক নং : ৩১.৪৬.৯০১৮.০০০.৩৪.০০১.২০ ০৬৪৬

তারিখ : ১২ অক্টোবর ২০২০ খ্রিঃ

বিষয় : বিশ্বম্ভরপুর উপজেলাধীন ২০.০০ একরের নিম্নে "আলীপুরের খাল" ও "শাহপুরের খাল" জলমহাল ২টির ১৪২৭ বাংলা সনের অবশিষ্ট সময়ের জন্য খাস আদায়ের আবেদন আহবান বিজ্ঞপ্তি।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ মহোদয় কার্যালয়ের ১১/০৪/২০২০ খ্রিঃ তারিখের ০৫.৪৬.৯০১৮.০০০.০২.০০৩.১৮(পার্ট-১)-২৪৬ নং স্মারক।

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বম্ভরপুর উপজেলাধীন ২০.০০ একরের নিম্নের নিম্নবর্ণিত "আলীপুরের খাল" ও "শাহপুরের খাল" জলমহাল ২টির ১৪২৭ বাংলা সনে ইজারা না হওয়ায় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জলমহাল ২টির খাস আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আলোকে ১৪২৭ বাংলা সনের অবশিষ্ট সময়ের জন্য ইজারা না হওয়া পর্যন্ত খাস আদায়ের লক্ষ্যে নিম্নোক্ত দিনপঞ্জি মোতাবেক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে।

২। জলমহালের খাস আদায়ের মূল্য উল্লেখপূর্বক ২০/- (বিশ) টাকার কোর্টফি সম্মিলিত আবেদনপত্র আগামী ১৫/১০/২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত সীলগালায়ুক্ত অবস্থায় সহকারী কমিশনার (ভূমি) বিশ্বম্ভরপুরের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছা আবেদন দাখিল করতে হবে। ঐদিন বেলা-০২.০০ ঘটিকায় দরপত্র বাঞ্ছ দরপত্র দাখিলকারী ব্যক্তি (যদি কেউ উপস্থিত থাকেন) / উপজেলা জলমহাল ব্যবস্থাপনা খাস আদায় কমিটির সদস্যদের উপস্থিতিতে খোলা হবে এবং একই দিন বেলা-২.৩০ ঘটিকার সময় উপজেলা জলমহাল ব্যবস্থাপনা খাস আদায় কমিটির সভা অনুষ্ঠিত হবে।

১৪২৭ বাংলা সনের অবশিষ্ট সময়ের জন্য খাস আদায়যোগ্য জলমহালের তথ্যাদি :

ক্রমিক নং	জলমহালের নাম	মৌজা ও জেএলনং	দাগ নং	পরিমাণ (একরে)	৫% হারে বর্ধিত সরকারি মূল্য	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
০১	আলীপুরের খাল	মৌজা-পূর্বআলীপুর/৩৬ আলমাডহর	১৬৫/২১৩ ২০০	০.৬৮ একর ১.৩৬ একর মোট ২.০৪ একর	১.৯৪৫/-	
০২	শাহপুরের খাল	শাহপুর/১৪৯	৭২	৫.৭৬ একর	৭.০৬৩/-	


শর্তাবলী :

- এই বিজ্ঞপ্তিতে প্রচারিত জলমহালের উপর কোন বিজ্ঞ আদালত/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা/ স্থগিতাদেশ /নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে এই বিজ্ঞপ্তি সে ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
- খাস আদায়ের ক্ষেত্রে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নং অনুচ্ছেদ অনুসরণ করা হবে।
- জলমহাল বর্তমানে যে অবস্থায় আছে সে অবস্থায় খাস আদায় প্রযোজ্য হবে।
- এই খাস আদায় ৩০ চৈত্র ১৪২৭ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে।
- সীলগালায়ুক্ত বন্ধ খামে মূল্য উল্লেখপূর্বক আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনের সাথে উল্লিখিত মূল্যের ২৫% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৬। মা মাছ নিধন করা যাবে না।

৭। সর্বক্ষেত্রেই খাস আদায় কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

৮। আবেদনপত্র গৃহীত হওয়ার সাথে সাথে সাকুল্যে খাস আদায় মূল্য ও ১৫% ভ্যাট এবং ৫% আয়কর সহকারী কমিশনার (ভূমি), বিশ্বম্ভরপুর এর কার্যালয়ে জমা দিতে হবে।


১২/১০/২০২০
(স্বজল মোগ্লা)

সহকারী কমিশনার (ভূমি)

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা খাস আদায়
কমিটি।


বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারসহ ধার্য্য তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধসহ :

- ০৪। উপজেলা মৎস্য অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান, ফতেপুর ইউপি, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ০৬। উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
- ০৭। ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস বিশ্বম্ভরপুর ক্যাম্প, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।


১২/১০/২০২০
(স্বজল মোগ্লা)

সহকারী কমিশনার (ভূমি)

ও

আহবায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা খাস আদায়
কমিটি।

বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।